দৈনিক সংবাদ

076

06 APR 1986
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... ...। ... কলাম ...। ... ...

## আজ ও কাল বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ধর্মঘট

আজ ও আগামীকাল বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে সকল বিশ্ববিদ্যালয় শিক্ষকরা শিক্ষা খাতে ব্যয় বৃদ্ধি, শিক্ষকদের নতুন বেতন স্কেল প্রদান ও অন্যান্য দাবীতে সর্বাত্মক ধর্মঘট পালন করবেন বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। আগামীকাল সকাল ১০টায় এ উপলক্ষে ঢাকায় বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সকল বিশ্ববিদ্যালয় শিক্ষকদের এক মহাসমাবেশ অনুষ্ঠিত হবে। মহাসমাবেশের পর শিক্ষকরা বঙ্গভবন অভিমুখে মিছিল করে বঙ্গভবনের সামনে অবস্থান ধর্মঘট করছেন।

# শিক্ষক ধর্মঘট অবসানের লক্ষ্যে আলোচনা চলছে

॥ শওকত মাহমুদ ॥

বেসরকারী মাধ্যমিক স্কুল শিক্ষকদের ধর্মঘট অবসানের লক্ষ্যে সরকার ও শিক্ষক সমন্বয় পরিষদের নেতৃবৃন্দের মধ্যে আলোচনা শুরু হয়েছে। তবে কোনো পক্ষই আলোচনার ধারা সম্পর্কে মুখ খুলছেন না।

এদিকে গতকাল শনিবার ধর্মঘটের ৪৩ দিন অতিবাহিত হয়েছে এবং সরকার প্রদত্ত সময়সীমাও পেরিয়ে গেছে। তবে আলোচনার পরিপ্রেক্ষিতে আজ থেকে ধর্মঘটি শিক্ষকদের ওপর দমনমূলক ব্যবস্থা নেয়ার সম্ভাবনা নেই বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

গত বৃহস্পতিবার দু'পক্ষের মধ্যে প্রথম বৈঠক বসে। দ্বিতীয় বৈঠকটি হয় গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে। এতে শিক্ষক সমিতি (কামরুজ্জামান)-এর সভাপতি

(শেষ পৃ: ৪-এর ক:দ্র:)

### শিক্ষকদের প্রতিবাদ দিবস

## ধর্মঘট চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত

(নিজস্ব বার্তা পরিবেশক)

ধর্মঘটী শিক্ষক-কর্মচারীদের কাজে যোগদানের জন্য সরকারের অমর্যাদাকর নির্দেশের প্রতিবাদে বায়তুল মোকাররম চত্বরে আয়োজিত শিক্ষক-কর্মচারী সমাবেশে দাবী আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট সহ অন্যান্য কর্মসূচী অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

গতকাল শনিবার দুপুরে এই সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সমন্বয় পরিষদ নেতা জনাব কামরুজ্জামান ও জনাব আবু হামেদ শাহাবুদ্দিন বক্তৃতা করেন। সমাবেশে সমন্বয়-পরিষদের নেতৃবৃন্দ গ্রেফতারকৃত 'সব শিক্ষক, শিক্ষিকা ও অভিভাবককে মুক্তি প্রদান, শিক্ষক প্রশিক্ষণার্থীদের হোস্টেলে ফিরিয়ে নেয়া ও তাদের ওপর থেকে গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহার এবং আলোচনার মাধ্যমে সংকট নিরসন করার জন্য সরকারের কাছে দাবী জানান।

সমাবেশশেষে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি সচিবালয়, জাতীয় প্রেস ক্লাব, শিক্ষাভবন হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়। এখানে সংক্ষিপ্ত ভাষণ দেন জনাব খালেদ মোমিন, জনাব বদরুদ্দিন হাওলাদার ও শ্রী বাসুদেব চাটার্জী।

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)



গতকাল শনিবার ধর্মঘটী শিক্ষকদের প্রতিবাদ দিবস উপলক্ষে শিক্ষক মিছিল। ---সংবাদ

### প্রতিবাদ দিবস

(১ম পাতার পর)

আগামী ১০ই এপ্রিল বায়তুল মোকাররম চত্বরে অনুষ্ঠিতব্য 'শিক্ষক সংহতি দিবস' সফল করার জন্য তাঁরা সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

**শিক্ষকদের মিছিলে হামলা**

শিক্ষক সমন্বয় পরিষদ মীরপুর থানা শাখার আহ্বায়ক জনাব মো: কুতুবউদ্দিন এক বিবৃতিতে অভিযোগ করেন যে, গতকাল শনিবার ড: মুহম্মদ শহীদুল্লাহ বিদ্যাপীঠ থেকে একটি মিছিল বের হয়। মিছিলটি প্রধান সড়কের দিকে অগ্রসর হলে এসডিসি মডেল স্কুলের ভেতর থেকে একদল লাঠিয়াল বের হয়ে মিছিলের ওপর হামলা চালায়। এরপর আদর্শ স্কুলের ভেতর থেকে লাঠি, হকিষ্টিক সজ্জিত আর একদল যুবক বের হয়ে মিছিলের ওপর হামলা চালায়।

**অচলাবস্থার অবসান দাবী**

বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক জনাব নজরুল ইসলাম এক বিবৃতিতে অবিলম্বে বন্দী আবদুল নুর চৌধুরী, ফজিলাতুন্নেছা ও হেনা দাসসহ বেসরকারী মাধ্যমিক স্কুল শিক্ষক ও শিক্ষয়িত্রীদের নি:শর্তে মুক্তি দিয়ে আলাপ-আলোচনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষকদের ন্যায় সংগত দাবীগুলি পূরণ তথা মাধ্যমিক স্কুলের শিক্ষাক্ষেত্রে বিরাজমান অচলাবস্থার অবসান ঘটানোর জোর দাবী জানিয়েছেন।

**শ্রমিক-কর্মচারী ঐক্য পরিষদ**

শ্রমিক-কর্মচারী ঐক্য পরিষদের এক সভায় শিক্ষক সমন্বয় পরিষদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে গ্রহণযোগ্য সমাধানে উপনীত হবার জন্য সরকারের কাছে জোর দাবী জানানো হয়েছে।

গতকাল শনিবার জনাব আবদুল্লাহ সরকারের সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় উল্লেখ করা হয় যে, শিক্ষকদের ন্যায়সংগত দাবীর প্রতি সরকারের অনমনীয় মনোভাব ও নির্যাতন চলতে থাকলে শ্রমিক-কর্মচারী ঐক্য পরিষদ নীরব দর্শকের ভূমিকা পালন করবে না। সভায় বেসরকারী শিক্ষকদের ধর্মঘটকে কেন্দ্র করে উদ্ভূত [illegible] গভীর উদ্বেগ প্রকাশ করা হয় এবং আটক নেতৃবৃন্দকে মুক্তি না দিয়ে চরম দমনমূলক ব্যবস্থা গ্রহণ করায় তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করা হয়।

**কৃষিবিদ ইনষ্টিটিউশন**

কৃষিবিদ ইনষ্টিটিউশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গ্রেফতারকৃত ধর্মঘটী মাধ্যমিক শিক্ষকদের মুক্তি দিয়ে ও আলোচনার মাধ্যমে তাদের দাবীসমূহ মেনে নিয়ে শিক্ষাক্ষেত্রে সৃষ্ট অচল অবস্থার অবসানের জন্য সরকারের নিকট দাবী জানানো হয়।

নারায়ণগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক ফোনে জানান: ধর্মঘটী শিক্ষকদের এক সমাবেশ গতকাল শনিবার সকালে বার একাডেমী হাই স্কুলে অনুষ্ঠিত হয়। ধর্মঘটী শিক্ষকদের ২ দফা দাবী না মানা পর্যন্ত ধর্মঘট অব্যাহত রাখার অঙ্গীকার ঘোষণা করা হয়।

সমাবেশশেষে একটি মিছিল শহর প্রদক্ষিণ করে। এছাড়া শিক্ষকদের সমর্থনে সমাজতান্ত্রিক ছাত্রফ্রণ্ট একটি মিছিল বের করে। তারা জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি পেশ করে।

মুন্সীগঞ্জ থেকে আমাদের নিজস্ব সংবাদদাতার ফোন: ধর্মঘটী শিক্ষকরা গতকাল মুন্সীগঞ্জ শহরে প্রতিবাদ দিবস পালন করে। ছাত্র-ছাত্রী ও অভিভাবক সমন্বয়ে শিক্ষকদের বিক্ষোভ মিছিল শহর প্রদক্ষিণ করে। মিছিল জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। এর আগে সকালে মুন্সীগঞ্জ হাই স্কুলে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়।

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক ফোনে জানান, গতকাল ধর্মঘটী শিক্ষকরা শহরে একটি বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলশেষে অনুষ্ঠিত এক সমাবেশে কেন্দ্রীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতা ফোনে জানান, ধর্মঘটী শিক্ষকরা গতকাল ময়মনসিংহ শহরে বিক্ষোভ মিছিল বের করেন। শিক্ষকদের সমর্থনে ছাত্ররাও একটি মিছিল বের করে। এর আগে শিক্ষক ও অভিভাবকদের এক সমাবেশ মৃত্যুঞ্জয়ী হাই স্কুল মাঠে অনুষ্ঠিত হয়।